গৌরবের এক যুগ পূর্তি উদযাপন করলো গ্রীনওয়ে ইন্টারন্যাশনাল

চেম্বার ডেস্ক::

গৌরবের এক যুগ পূর্ণ করেছে উচ্চশিক্ষায় সেবাদানকারী প্রতিষ্ঠান ‘গ্রীনওয়ে ইন্টারন্যাশনাল’। প্রতিষ্ঠানের এক যুগ পূর্তিতে মঙ্গলবার (১ জুন ২০২১) সন্ধ্যায় সিলেটের একটি অভিজাত রেস্টুরেন্টে কেক কাটা হয়। কেক কাটা ছাড়াও অনুষ্ঠানে আগত অতিথি ও শুভানুধ্যায়ীদের নিয়ে বুফে ডিনারে মিলিত হন গ্রীনওয়ে ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী তারেক আহমদ।

করোনা পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিলেট সিটি করপোরেশনের ২২ নং ওয়ার্ডের কাউন্সিলর ও মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক এডভোকেট সালেহ আহমদ সেলিম, ফরেন এডুকেশন কনসাল্টেন্সি এসোসিয়েশন, সিলেটের সিনিয়র সহসভাপতি আতিকুর রেজা চৌধুরী, সহসভাপতি এডভোকেট আব্দুল হাফিজ, সাধারণ সম্পাদক অধ্যাপক জাকির আলী, শাহজালাল উপশহর একাডেমির সভাপতি এডভোকেট আব্দুল ওয়াদুদ, সহসভাপতি এডভোকেট জাফর ইকবাল তারেক, সহসাধারণ সম্পাদক বাবলুর রহমান, ঢাকা দক্ষিণ ডিগ্রি কলেজের অধ্যক্ষ এম এ রহিম, সিলেট জেলা আওয়ামীলীগের তথ্য ও গবেষণা সম্পাদক মবশ্বির আলী, ফরেন এডুকেশন কনসাল্টেন্সি এসোসিয়েশন, সিলেটের সহসভাপতি স্বপন লাল বৈদ্য, কোষাধ্যক্ষ সাঈদ আহমদ, উপদেষ্টা আব্দুল্লাহ আল নোমান, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক আব্দুল কাদির, নির্বাহী সদস্য মাহবুব লস্কর, নির্বাহী সদস্য জামিল জনি, ইউনাইটেড এডুকেশনের পরিচালক আনোয়ার হোসাইন, জালালাবাদ ক্যান্টনমেন্ট স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক কামাল আহমদ আম্বিয়া, দৈনিক জালালাবাদের সাহিত্য সম্পাদক কবি কামরুল আলম, রহমান ট্রাভেলসের স্বত্ত্বাধিকারী এমদাদুর রহমান তানিম, সিটি এডুকেশনের পরিচালক মাজেদ আহমদ, ইয়েস এসোসিয়েটেসের পরিচালক নূরুজ্জামান মণি, এডুল্যাবের পরিচালক জাহিদ হাসান, এইমস এডুকেশনের পরিচালক জাকারিয়া মাহদী, ইউনিভার্সেল এডুকেশনের পরিচালক তামিম আহমদ, ফরেন এডুকেশেন কনসাল্টেন্সি এসোসিয়েশন, সিলেটের সদস্য ফরিদ আহমদ, আমির হোসেন খোকন, সাজ্জাদুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্যে সিটি কাউন্সিলর ও মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সালেহ আহমদ সেলিম বলেন, যেসব ব্যবসায়ী উদ্যোক্তারা লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছেন তারাই সমাজকে আশার আলো দেখাচ্ছেন। গ্রীনওয়ের উদ্যোক্তা তারেক আহমদকে তার ব্যবসার শুরু থেকেই আমি চিনি। নিঃসন্দেহে তিনি একজন সফল উদ্যোক্তা এবং একজন সফল সংগঠকও। তারেক আহমদের প্রতিষ্ঠিত এ ব্যবসা প্রতিষ্ঠানসহ এ জাতীয় অন্যান্য শিক্ষা সেবা দানকারী প্রতিষ্ঠানগুলো কেবল ব্যবসা-ই করছে না বরং এর মাধ্যমে দেশ, জাতি ও সমাজের উন্নয়নেও ভূমিকা রাখছে। তিনি গ্রীনওয়ের এক যুগ পূর্তি উপলক্ষে বিশাল আয়োজনের জন্য ধন্যবাদ জানান এবং আশাবাদ ব্যক্ত করেন সীমিত পরিসরে হলেও গ্রীনওয়ে প্রতিবছর এ ধরনের ব্যতিক্রমি আয়োজন করবে।
গ্রীনওয়ে ইন্টারন্যাশনালের যাত্রার স্মৃতিচারণ করে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী তারেক আহমদ বলেন, সকলের ভালোবাসা ও অনুপ্রেরণাতে আমার প্রতিষ্ঠান গ্রীনওয়ে আজ এক যুগ পূর্তি অনুষ্ঠান করছে। এ সাফল্যের পেছনে জড়িত রয়েছে গ্রীনওয়ের কর্মকর্তা ও কর্মচারীদের ঐকান্তিক ও নিরলস প্রচেষ্টা। আমি তাদের সকলের কল্যাণ কামনা করছি এবং আজকের অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দসহ সবাইকে অসংখ্য ধন্যবাদ ও মোবারকবাদ জানাচ্ছি।

উল্লেখ্য, অনুষ্ঠানে উচ্চশিক্ষায় অনন্য অবদান রাখায় গ্রীনওয়ে ইন্টারন্যাশনালকে ক্রেস্ট উপহার দেন সিটি এডুকেশন এলএলপি’র পরিচালক সাঈদ আহমদ, ইয়েস এসোসিয়েটের পরিচালক নূরুজ্জামান মনি, ইউরো প্লাসের পরিচালক আব্দুল কাদির এবং ইউনিভার্সেল এডুকেশনের পরিচালক তামিম আহমদ। গ্রীনওয়ে ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী তারেক আহমদ প্রতিষ্ঠানের পক্ষে ক্রেস্ট গ্রহণ করেন এবং সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফরেন এডুকেশন কনসাল্টেন্সি এসোসিয়েশন, সিলেটের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক আব্দুল কাদির।